

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২১৭

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আহ্যাব

بَابُّ: وَمِنْ سُورَةِ الأَحْزَابِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَنَّى، حَدَّثَنَا أَشْهَلُ بْنُ حَاتِمٍ، قَالَ ابْنُ عَوْنٍ حُدِّثْنَاهُ عَنْ عَمْرِو بْنِ سَعِيدٍ، عَنْ أَنسِ بْنِ مَالِكِ، قَالَ كُنْتُ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَأَتَى بَابَ امْرَأَةٍ عَرَّسَ بِهَا فَإِذَا عِنْدَهَا قَوْمٌ فَانْطَلَقَ فَقَضَى حَاجَتَهُ فَاحْتَبَسَ ثُمَّ رَجَعَ وَعِنْدَهَا قَوْمٌ فَانْطَلَقَ فَقَضَى حَاجَتَهُ فَاحْتَبَسَ ثُمَّ رَجَعَ وَعِنْدَهَا قَوْمٌ فَانْطَلَقَ فَقَضَى حَاجَتَهُ فَاحْتَبَسَ ثُمَّ رَجَعَ وَعِنْدَهَا قَوْمٌ فَانْطَلَقَ فَقَضَى حَاجَتَهُ فَرَجَعَ وَقَدْ خَرَجُوا قَالَ فَدَخَلَ وَأَرْخَى بَيْنِي وَبَيْنَهُ سِتْرًا قَالَ فَذَكَرْتُهُ لأَبِي طَلْحَةً قَالَ لَئِنْ كَانَ كَمَا تَقُولُ لَيَنْزِلَنَّ فِي هَذَا شَيْءٌ. فَنَزَلَتْ آيَةُ الْحِجَابِ. هَذَا حَديثٌ حَسَنٌ غَريبٌ مِنْ هَذَا الْوَجْهِ.

বাংলা

৩২১৭. মুহাম্মাদ ইবন মুছান্না (রহঃ) আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে ছিলাম। তিনি তার স্ত্রীর ঘরের দরজায় এলেন যার সঙ্গে তিনি বাসর করেছিলেন। সেখানে তিনি কিছু সাহাবীকে বসা দেখতে পেলেন। তিনি অন্য এক কাজে গেলেন এবং তা সমাধা করলেন। পরে ফিরে এলেন। ততক্ষণে তারা বের হয়ে গিয়েছিলেন।

আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘরে প্রবেশ করলেন এবং তিনি আমার ও তাঁর মাঝে পর্দা টেনে দিলেন। আমি এই কথা আবূ তালহা রাদিয়াল্লাহু আনহু-এর কাছে আলোচনা করলে তিনি বললেনঃ তুমি যেমন বলছ বিষয়টি যদি তাই হয়ে থাকে তবে নিশ্চয় এই বিষয়ে কিছু নাযিল হবে। আনাস রাদিয়াল্লাহু আনহু বলেনঃ তারপর হিজাবের আয়াত (সুরা আহ্যাব ৫৩-৫৫) নাযিল হয়।

সহীহ, বুখারি ৫১৬৬, ৫৪৬৬, ৬২৩৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২১৭ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)হাদীসটি এই সূত্রে হাসান-গারীব।

English



Narrated Anas bin Malik:

"I was with the Prophet (ﷺ), and he came to the door of a woman with whom he had consummated marriage, and some people were with her. So, he left to fulfill his need, and was prevented (from her). Then he came back, and some people were still with her. Then he left to fulfill his need and came back and they had gone." He said: "So, I mentioned that to Abu Talhah and he said: 'If it is as you say, something shall surely be revealed concerning this,' and the Verse of Hijab was revealed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন